গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
রাজনগর, মৌলভীবাজার
www.acl.rajnagar.moulvibazar.gov.bd

নম্বর: ৩১.৪৬.৫৮৮০.০০০.০০১.০১.০০৪১.২৪-৬২৪ তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ১৩ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

# প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর রাজস্ব শাখার ০৭.০৮.২০২৫ খ্রিস্টাব্দ তারিখের ০৫.৪৬.৫৮০০.০০০.০০৯.১০.০০০২.২৫-১৮৩০ নম্বর এবং ০৭.০৮.২০২৫ খ্রিস্টাব্দ তারিখের ০৫.৪৬.৫৮০০.০০০.০০৯.১০.০০০২.২৫-১৮৩১ নম্বর স্মারকমূলে অনুমোদনের পরিপ্রেক্ষিতে রাজনগর উপজেলাধীন ইউনিয়ন ভূমি অফিস, কামারচাক এবং ইউনিয়ন ভূমি অফিস, রাজনগর সদর এর পুরাতন ভবন/মালামাল (যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের নিমিত্ত আগামী ১৪.০৮.২০২৫ খ্রিস্টাব্দ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নিম্নবর্ণিত শর্তে নিলাম ডাক অনুষ্ঠিত হবে।

| ক্র. | মালামালের অবস্থান | মালামালের বিবরণ | সরকারি মূল্য | নিলামের তারিখ ও সময় | নিলামের স্থান |
|---|---|---|---|---|---|
| (১) | ইউনিয়ন ভূমি অফিস কামারচাক, রাজনগর | ০১টি পুরাতন আধাপাকা টিনসেড ভবন | ৭৯,০৩৩/- | ১৪.০৮.২০২৫ খ্রিস্টাব্দ তারিখ, সকাল ১১.০০ ঘটিকা | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজনগর |
| (২) | ইউনিয়ন ভূমি অফিস রাজনগর সদর, রাজনগর | ০১টি পুরাতন আধাপাকা টিনসেড ভবন | ১৪,৩৮৬/- | | |

**শর্তাবলী:**

১. নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান-কে নিলাম ডাকের অন্ততঃ ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে জামানত বাবদ সরকারি মূল্যের ন্যূনতম ২৫% নগদ অর্থ ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (মূল কপি প্রদর্শনপূর্বক) জমা দিয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে। অন্যথায় নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অযোগ্য মর্মে বিবেচিত হবেন।
২. সরকারি মূল্য অনুযায়ী সর্বোচ্চ নিলাম ডাককারীর ডাক গ্রহণ করা হবে।
৩. সর্বোচ্চ নিলাম ডাককারী কর্তৃক নিলাম ডাকের সমুদয় টাকা (ভ্যাট ও আয়করসহ) নিলাম শেষ হওয়ার সাথে সাথে নগদ পরিশোধ করতে হবে। নিলাম ডাকের সমুদয় টাকা (ভ্যাট ও আয়করসহ) পরিশোধ করতে ব্যর্থ হলে জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।
৪. নিলাম ডাককৃত মূল্যের উপর সরকারি বিধি মোতাবেক অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে হবে।
৫. নিলাম ডাকে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে অফিস চলাকালীন বিক্রয়যোগ্য মালামাল অবলোকন করতে পারবেন। নিলামে ক্রয়ের পর বিক্রয়লব্ধ মালামালের বিষয়ে কোন আপত্তি/অভিযোগ গ্রহণযোগ্য হবে না।
৬. অনুমোদিত দরদাতাকে কার্যাদেশ প্রদানের ১৫ (পনেরো) দিনের মধ্যে সমস্ত স্থাপনা/মালামাল নিজ দায়িত্বে ও নিজ ব্যয়ে অপসারণ করতে হবে। পুরাতন ভবন/মালামাল অপসারণ শেষে জামানত বাবদ জমাকৃত অর্থ ফেরত প্রদান করা হবে।
৭. পুরাতন ভবন/মালামাল অপসারণের সময় সংলগ্ন ভূমি অফিস ভবন যাতে ক্ষতিগ্রস্ত না হয়, সে বিষয়ে সতর্ক থাকতে হবে এবং কোনোরূপ ক্ষতি হলে তার উপযুক্ত ক্ষতিপূরণ দিতে হবে।
৮. নিলাম ডাকের বিষয়ে রাজস্ব বিভাগের পুরাতন মালামাল/গাছ নিলামে বিক্রয় সংক্রান্ত উপজেলা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত মর্মে গণ্য হবে।
৯. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো নিলাম ডাক গ্রহণ বা বাতিল এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত/অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩/০৮/২৫
(আফরোজা হাবিব শাপলা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
রাজস্ব বিভাগের পুরাতন মালামাল/গাছ নিলামে
বিক্রয় সংক্রান্ত উপজেলা কমিটি
রাজনগর, মৌলভীবাজার
ই-মেইল: unorajnagar@mopa.gov.bd

নম্বর: ৩১.৪৬.৫৮৮০.০০০.০০১.০১.০০৪১.২৪-৬২৪

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১০ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, মৌলভীবাজার
২. উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর, মৌলভীবাজার
৩. অফিসার ইনচার্জ, রাজনগর থানা, রাজনগর, মৌলভীবাজার
৪. উপজেলা প্রকৌশলী, রাজনগর, মৌলভীবাজার
৫. উপজেলা আইসিটি অফিসার, রাজনগর, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
৬. রেঞ্জ কর্মকর্তা, মৌলভীবাজার রেঞ্জ, বন বিভাগ, মৌলভীবাজার
৭. চেয়ারম্যান .................. (সকল) ইউনিয়ন পরিষদ, রাজনগর, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
৮. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা .................. (সকল) ইউনিয়ন ভূমি অফিস, রাজনগর, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
৯. নাজির কাম ক্যাশিয়ার, উপজেলা ভূমি অফিস, রাজনগর, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
১০. অফিস কপি

১০/০৮/২৫

(আফরোজা হাবিব শাপলা)
সহকারী কমিশনার (ভূমি) (অ.দা.)
ও
সদস্য সচিব
রাজস্ব বিভাগের পুরাতন মালামাল/গাছ নিলামে
বিক্রয় সংক্রান্ত উপজেলা কমিটি
রাজনগর, মৌলভীবাজার
ই-মেইল: aclrajnagar@gmail.com